R. N. No 2532/57

Regd. No. C. 853

টেলিফোন : ৩৪-৬৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ

হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা

বাজার অপেক্ষা স্থলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬০শ বর্ষ
২৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৬শে অগ্রহায়ণ, বুধবার, ১৩৮০ সাল।
১২ই ডিসেম্বর, ১৯৭৩ সাল।

নগদ মূল্য : ১০ পয়সা
বার্ষিক ৫৲, সডাক ৬৲

## জেনারেল ম্যানেজারের পদকে কেন্দ্র করে খেলা চলছে

ফরাক্কা-ব্যারেজ—ফরাক্কা বাঁধ প্রকল্পের অস্থায়ী জেনারেল ম্যানেজারের পদকে কেন্দ্র করে বেশ এক রাউণ্ড খেলা হয়ে গেল 'ওপন সিক্রেট' পদ্ধতিতে। খেলা চলছে, তবে রেফারীং নির্ভুল এবং তাঁর মতামতই চূড়ান্ত বলে আরজি ধোপে টিকলো না। এখন বিরতির সময়।

পর্দার অন্তরালের খবর, শ্রীনীরেন মুখার্জীর পদত্যাগের ফলে ওই পদটি শ্রীজি, কে, দত্তকে অস্থায়ীভাবে দেয়া হয়েছে। এতেই কয়েকজন সিনিয়র স্থপারিনটেনডিং ইনজিনীয়ারের দারুণ গোঁসা এখানে। একজন তো জুনিয়ারের অধীনে কাজ করবেন না বলে বেশ কিছুদিন ছুটি নিয়েছিলেন। সহযোগী কজন দেখছিলেন ফল কি দাঁড়ায়। কেন্দ্রীয় সরকার তাঁদের সিদ্ধান্তে অনড় অটল থাকায় গোঁসাকারী চাকুরীর মায়ায় আবার কাজে যোগ দিয়েছেন। ফরাক্কায় কাজের এখন চাপ নেই, দারুণ অবসর। ঝানু ইনজিনীয়ার যাঁরা ভাগ্যান্বেষণে ফরাক্কায় এসেছেন বিভিন্ন সরকারী দফতর থেকে তাঁরাই খেলছেন, খেলাচ্ছেন।

## সন্তান হত্যার অপরাধে

সাহাজাদপুর, ১১ই ডিসেম্বর—রঘুনাথগঞ্জ থানার তেঘরি গ্রামের রবি সাহা (২৭) তার তিন মাসের অবৈধ সন্তানকে পুকুরে ফেলে দিয়ে হত্যা করেছে গত ৭ই ডিসেম্বর।

ঐ গ্রামের যমুনা সাহা (২৩) নাম্নী জনৈকা যুবতীর সাথে অবৈধ প্রেমে লিপ্ত হলে তার ঐ সন্তানের জন্ম হয়। যমুনাকে বিয়ে করার প্রলোভন দেখিয়েও রবি অন্য একটি মেয়েকে বিয়ে করে। ঘটনার দিন সে শিশুটিকে নিয়ে গিয়ে পুকুরে নিক্ষেপ করলে শিশুটি মারা যায়। হত্যার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়েছে।

## মুকলেস আবার ধরা পড়ল

রঘুনাথগঞ্জ, ৯ই ডিসেম্বর—কুখ্যাত ছিনতাইকারী মুকলেস্থর রহমানকে পুলিশ আবার গ্রেপ্তার করেছে। মিঞাপুরে বৈদ্যুতিক তার চুরির ব্যাপারে জড়িত থাকার অভিযোগে উমরপুর থেকে তাকে গ্রেপ্তার করা হয় গতকাল।

গত বছর ফেব্রুয়ারী মাসে তাকে আরও একবার গ্রেপ্তার করা হয়েছিল এবং তার বিরুদ্ধে মিসা প্রয়োগের আগেই উচ্চ আদালত থেকে মিসার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারী করা হয়েছিল। সেবারের মত এবারও তাকে জামিনে মুক্তি দেওয়া হয়েছে। এই সংবাদ পুলিশী সূত্রে পাওয়া গেল।

## সাগরদীঘি সংস্কার হবে, কিন্তু……

সাগরদীঘি, ১২ই ডিসেম্বর—ঐতিহাসিক সাগরদীঘি অবশেষে সংস্কার করা হবে বলে স্থানীয় পুষ্করিণী সংস্কার বিভাগ থেকে খবর পাওয়া গিয়েছে। দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে দীঘিটি প্রায় মজে গিয়েছে এবং আশেপাশের বিস্তীর্ণ এলাকা সেচের জল থেকে বঞ্চিত হচ্ছে। দীঘির সংস্কারের জন্য বিস্তারিত বিবরণসহ সংবাদ ইতিপূর্বে জঙ্গিপুর সংবাদে বেড়িয়েছে। সম্প্রতি ব্যয়বরাদ্দ মঞ্জুরের জন্য একটি খসড়া পরিকল্পনা রাজ্যের সেচ দপ্তরে পাঠানো হয়েছে। এই পরিকল্পনায় সংস্কার বাবদ আট লক্ষ টাকা ব্যয় হতে পারে বলে অনুমান করা হয়েছে। কিন্তু বাধ সেধেছেন দীঘির বর্ত্তমান স্বত্বাধিকারী স্বয়ং। দীঘিটি সেচের জন্য নথীভুক্ত নয়—এই অভিযোগ এনে তিনি সংশ্লিষ্ট দপ্তরের বিরুদ্ধে হাইকোর্টে একটি মামলা রুজু করেছেন।

## তদন্ত হচ্ছে

কিছুদিন আগে জঙ্গিপুর সংবাদের সংবাদদাতার প্রতি সাগরদীঘি থানার এস, আই অরুণ হালদার যে হুমকি প্রদর্শন করেছিলেন এবং যে বিষয় সাংবাদিক সংঘের সভায় তুলে ধরার পর প্রতিকারের ব্যবস্থা করা হবে বলে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, সেই ব্যাপারে ডি, আই, বি ইনসপেক্টর গত ২৮শে নভেম্বর তদন্তের জন্য পত্রিকা অফিসে এসেছিলেন। তিনি সংশ্লিষ্ট সাংবাদিকদের কাছে সেই বিষয়ে জিজ্ঞাসাবাদ করেন এবং উপর মহলে রিপোর্ট দাখিল করবেন বলে প্রতিশ্রুতি দেন।

## টেষ্ট পরীক্ষা বর্জন

রঘুনাথগঞ্জ, ১২ই ডিসেম্বর—এতদঞ্চলের সর্বত্র যখন বাৎসরিক অথবা টেষ্ট পরীক্ষা যথারীতি চলছে, তখন গত ১১ই ডিসেম্বর রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে টেষ্ট পরীক্ষার প্রথমার্দ্ধে এক্সটারন্যাল পরীক্ষার্থী ছাড়া রেগুলার ছাত্রেরা পরীক্ষা দেয়নি। ঐদিন ছিল টেষ্ট পরীক্ষারম্ভের প্রথম দিন। দ্বিতীয়ার্দ্ধের পরীক্ষায় সকলে উপস্থিত হলেও এক ঘণ্টা যেতেই গুটিকতক পরীক্ষার্থী ছাড়া আর সবাই পরীক্ষাগৃহ ত্যাগ করে চলে যায়। খবরে প্রকাশ, ছাত্রেরা নাকি দাবী করে যে, প্রধান শিক্ষক মহাশয় সকলকে এ্যালাউ করবেন এই প্রতিশ্রুতি দিলে ছাত্রেরা পরীক্ষায় বসবে। আমাদের সংবাদ লেখা পর্যন্ত জানা যায় যে, আজ প্রথমার্দ্ধে সকলে ইংরাজী ১ম পত্রের পরীক্ষায় উপস্থিত হয়। প্রধান শিক্ষক মহাশয় ঘরে ঘরে ছাত্রদের বলেন যে, তারা ভালভাবে পরীক্ষা দিলে তাদের বিষয় বিবেচনা করা হবে। প্রথমার্দ্ধের পরীক্ষার দেড় ঘণ্টার মধ্যে কয়েকটি ছাত্র ছাড়া সকলেই পরীক্ষাগৃহ ত্যাগ করে।

ফোন—অরঙ্গাবাদ—৩২

মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ

হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)

রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে রাসায়নিক সার
ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা চারুচন্দ্র সাহা**
( জেনারেল মার্চেন্টস্ এণ্ড অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৬'শ অগ্রহায়ণ, বুধবার সন ১৩৮০ সাল।

## ॥ মৃত্যুর সান্ত্বনা ॥

পশ্চিমবঙ্গের দুর্গতির আরও এক অঙ্কের অভিনয় শুরু হইয়াছে। ইতিপূর্বে বিদ্যুৎ, কয়লা, খাদ্য, পেট্রোল ও কেরোসিন ইত্যাদির সংকট লইয়া আমরা বিস্তর আলোচনা করিয়াছি। বর্তমানে শুরু হইয়াছে অসহায় মরণাপন্ন রোগীদের মৃত্যুর দুয়ারে পৌঁছানোর কাজটি ত্বরান্বিত করার। বিগত কয়েক দিন হইতে কলিকাতার বড় বড় হাসপাতালগুলিতে হাউস-ষ্টাফদের কর্মবিরতি শুরু হইয়াছে।

সুস্থ মানুষের হাসপাতালে যাইবার প্রয়োজন কি? নিতান্ত নাচার অবস্থাতেই লোকে হাসপাতালে যায়। সুতরাং হাসপাতালের কর্মবিরতি অসুস্থ ও অসহায় মানুষকে কি শোচনীয় অবস্থায় লইয়া যায় তাহা সহজেই অনুমেয়।

আসন্ন প্রসবার যন্ত্রণাকাতরতা, মারাত্মক রোগাক্রান্ত সংজ্ঞাহীন রোগীর পরিজনদের উদ্বেগাকুল চাহনি ও গভীর নৈরাশ্য, সময়মত ভর্তির অভাবে কোন কোন হতভাগ্যের মৃত্যুবরণ এবং সর্বোপরি মেডিকেল কলেজের প্রধানকে চক্ষু অস্ত্রোপচারে বাধা দানের চিত্র আমাদের সম্মুখে ভাসিয়া উঠিতেছে। হাসপাতালের রোগীদের বড় অংশই দরিদ্র, মোটা রকমের দর্শনী দিয়া বাহিরের ডাক্তার দেখান তাঁহাদের পক্ষে অসম্ভব। তেমনি অসম্ভব চিকিৎসার বিভিন্ন ধাপে আনুসঙ্গিক আর্থিক চাহিদা মিটান। কলিকাতাবাসিগণের বেশীর ভাগেরই বাসগৃহে মাথাটুকু গুঁজিবার স্থান এত কম যে, রোগীর জন্য বিশেষ স্থান বরাদ্দ করা আদৌ সম্ভব নহে। মফঃস্বলের রোগী, যাঁহারা রোগ-জটিলতার জন্য কলিকাতা যান, তাঁহাদের সংখ্যাও নেহাত কম নহে। এমত অবস্থায় হাসপাতালগুলিতে ধর্মঘট চলিতে থাকিলে বিড়ম্বনা সৃষ্টি হইবে তাহাতে কোন সন্দেহ নাই।

কাজেই হাসপাতালে ধর্মঘট এক অমানবিক ব্যাপার। কি চিকিৎসক, কি অন্যান্য কর্মী—প্রত্যেকে সেবার মহান্ ব্রত লইয়া কাজ করিবেন ইহাই সকলে আশা করেন। এক্ষেত্রে দাবিদাওয়া আদায় এবং পুলিশী হামলার প্রতিবিধান অবশ্যই চাহিতে হইবে। কিন্তু আর্তদের মারিয়া সেই আন্দোলন কিংবা সমস্যা সমাধানের পথ বাহির করা কি সমর্থনযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে? যতটুকু জানা গিয়াছে, তাহাতে দেখা যাইতেছে, দাবি আদায় এবং পুলিশী হামলার প্রতিবাদ জানাইবার জন্য হাউস-ষ্টাফরা আন্দোলনে নামিয়াছেন। ভাবিতে আশ্চর্য্য লাগে যে, ইহার জন্য এতদিন ধরিয়া ধর্মঘট চলিতেছে কেন? আর্ত-পীড়িতদের প্রাণ লইয়া ছিনিমিনি খেলিবার অধিকার তাঁহাদের কে দিয়াছে? সকল বিরোধেরই মীমাংসার পথ আছে, অভাব-অভিযোগেরও প্রতিবিধান করিবার সূত্র পাওয়া অসম্ভব নয়। হাসপাতালের মত গুরুত্বপূর্ণ বিভাগে এক অস্বাস্থ্যকর মানসিকতা বিরাজ করিবে—কোন্ মানুষ ইহা বরদাস্ত করিতে পারেন? সরকার, স্বাস্থ্যদপ্তর ও হাসপাতালকর্মী—সকলের কাছে আমাদের অনুরোধ, তাঁহারা আর কিছু করুন বা না করুন অতঃপর রোগীদের অন্ততঃ চিকিৎসিত হইয়া মরিবার সান্ত্বনা-টুকু দিন।

## কান্দীর চিঠি

কান্দী মহকুমায় কর্ডন ব্যবস্থা জোড়দার করায় চালের দাম নেমে গিয়ে ১'৬০ পয়সা হয়েছে। কয়লা, বনস্পতি, রাসায়নিক সার, গম ও আলুর বীজ পাওয়া যাচ্ছে না। সম্প্রতি কান্দী থানার নতুন-গ্রামের জনৈক ব্যক্তি অভাবের তাড়নায় তার চার বছরের মেয়েকে রণগ্রামের উঁচু সেতু থেকে দ্বারকা নদীতে নিক্ষেপ করে প্রাণনাশ করেছে। পুলিশ তাকে গ্রেপ্তার করেছে। একই থানার পলাশী গ্রামে অচলা ও যোগমায়াকে তাদের বাবা অভাবের তাড়নায় বিক্রী করতে বাধ্য হয়েছে। ভরতপুর থানার রাইগ্রামের হারু সেখকে দুর্বৃত্তেরা প্রকাশ্য গ্রাম্যপথে সন্ধ্যার সময় ধারালো অস্ত্রের আঘাতে হত্যা করেছে। এ ব্যাপারে পুলিশ এখন পর্যন্ত ২১ জনকে গ্রেপ্তার করেছে। গত ১লা নভেম্বর থেকে কামরূপ এক্সপ্রেস সালার ষ্টেশনে থামছে।

[ সঃ নাঃ রাঃ ]

## পুরাতনী

সম্পাদনা : শ্রীমৃগাঙ্কশেখর চক্রবর্ত্তী

### নবাব বাহাদুর কাপ

মুর্শিদাবাদ নবাব বাহাদুরের কাপ ম্যাচ বেশ চলিতেছে। এখন মাত্র ৫টী দল অবশিষ্ট আছে। তন্মধ্যে কলিকাতা লিনকনস, মুর্শিদাবাদ হাজরাস ও কাঞ্চনতলা বিশেষ উল্লেখযোগ্য। এবার কাঞ্চনতলার খেলা খুব প্রশংসনীয়। গত বৎসরের নবাব কাপ বিজেতা সাহানগর টিমকে কাঞ্চনতলা প্রথমেই হারাইয়া যথেষ্ট সুখ্যাতি অর্জ্জন করেন। পরে দ্বিতীয়-বারের খেলায় নশীপুরকে দুই গোলে পরাজিত করেন। পরে অদ্যকার খেলায় বালুচরকে পরাস্ত করিয়া তাঁহারা সেমি ফাইন্যালে উঠিয়াছেন।

জঙ্গিপুর সংবাদ—৩/৬/১৩২৪ ইং ১৯/৯/১৯১৭

## চিঠি-পত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন )

### ॥ বাসুদেবপুরে পুলিশী নির্যাতন ॥

গত ২৮শে নভেম্বর ও ৫ই ডিসেম্বরের 'জঙ্গিপুর সংবাদ' মনোযোগ দিয়ে পড়লাম। সম্পাদক মহাশয়কে অসংখ্য ধন্যবাদ যে, তিনি তাঁর কাগজে ১৭ই নভেম্বরের পরবর্তীকালে বাসুদেবপুরের ঘটনা সম্পর্কে সরকারী শাসনযন্ত্রের জঘন্য ও নির্লজ্জ অত্যাচারের বিবরণকে আশ্চর্য সততার সঙ্গে জন-সমক্ষে তুলে ধরেছেন। আমরা যারা বাসুদেবপুরের কাছাকাছি অঞ্চলে বাস করি, তারা অদ্ভুত বিস্ময়ে লক্ষ্য করেছি যে, সরকারী প্রচারযন্ত্র 'আকাশবাণী' আর কোলকাতার তথাকথিত জাতীয়তাবাদী সংবাদপত্রগুলি আসল ঘটনাটিকে পাশকাটিয়ে সাংবাদিক সততার কি অপূর্ব নজীর সৃষ্টি করেছেন! তাছাড়া আমাদের জেলার ক্ষুদ্র সংবাদপত্রগুলিও এ বিষয়ে যেন সম্পূ উদাসীন। কিন্তু সে-স্থানে 'জঙ্গিপুর সংবাদ' শাসকশক্তির রক্তচক্ষুর রোষ দৃষ্টিতে পড়ার ভয়ে নীরব না থেকে যে প্রকৃত সাংবাদিকের দায়িত্বকে পালন করেছেন এজন্যে এতদ্ঞ্চলের জনসাধারণের অবশ্যই ধন্যবাদের পাত্র। সাংবাদিক সত্যানন্দ তাঁর 'ভিন্ন চোখে'র শক্তিশালী লেখনীতে বাসুদেবপুরের রক্তাক্ত ঐতিহাসিক ঘটনার যে তীব্র জ্বালাময়ী প্রতিবাদ জানিয়েছেন—সেজন্যে তাঁকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

কোরবান আলী বিশ্বাস
সাহেবনগর, মুর্শিদাবাদ

### ॥ সিমেন্টের পারমিট দান প্রসঙ্গে ॥

আমি জঙ্গিপুর সংবাদের নিয়মিত পাঠক। আপনাদের ৫ই ডিসেম্বরের সংবাদপত্রের সংবাদ মারফৎ জঙ্গিপুর 'খাদ্য ও সরবরাহ বিভাগে'র আমলাদের বাম পকেট পূর্তির ঢালাও কারবারের এলাহী কাণ্ডকারখানা সম্পর্কে অবগত হলাম। চারদিকে যখন সামান্য এক বস্তা সিমেন্টের জন্যে হাহাকার চলছে তখন কেউ কেউ চাঁদির জুতো মেরে একই নামে ভিন্ন ঠিকানায় ডবল পারমিট পাচ্ছেন, আবার কেউ পাচ্ছেন একই মাসে দু'বার। এ সংবাদের তথ্য যে ভ্রান্ত নয়, তা অন্ততঃ পারমিটের মেমো নম্বরেই প্রমাণ। কিন্তু তবুও সরকারী উপর মহল এ সম্পর্কে নীরব কেন? অথবা ধরে নিতে হবে এর পেছনে সেয়ানে-সেয়ানে কোলাকুলিজাতীয় ব্যাপার আছে? কিন্তু 'জঙ্গিপুর সংবাদে'র পরিচালন কর্তৃপক্ষকে অশেষ ধন্যবাদ যে তাঁরা সরকারী আমলাতন্ত্রের এমন একটি পুকুরচুরির ঘটনা জনসাধারণকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিতে পেরেছেন।

বিজয়কুমার সরকার
জঙ্গিপুর

## খুনী গ্রেপ্তার

অরঙ্গাবাদ, ৯ই ডিসেম্বর—গত ২৫শে নভেম্বর পুরাতন সরাইয়ে পাথর চাপা অবস্থায় মেরিনা খাতুন নামে যে মেয়েটির মৃতদেহ পাওয়া যায়, তারই তদন্ত চালিয়ে পুলিশ গতকাল এখানকার মফু কসাই নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃত ব্যক্তি পুলিশের কাছে স্বীকার করেছে যে, তারা কয়েকজন মেরিনার উপর শারীরিক অত্যাচার করে এবং পরে তাকে খুন করে। পুলিশ অন্যদের খোঁজ করছে।

## পরলোকগমন

সাগরদীঘি, ৮ই ডিসেম্বর—জঙ্গিপুর মহকুমা তথা জেলার প্রখ্যাত কবিরাজ শৌরীন্দ্রমোহন গাঙ্গুলী মহাশয় গত ২রা ডিসেম্বর ৭৯ বৎসর বয়সে তাঁর মনিগ্রামস্থ বাসভবনে পরলোকগমন করেছেন। শৌরীণ বাবু আজীবন বহু জনহিতকর প্রতিষ্ঠানের সাথে যুক্ত ছিলেন। জঙ্গিপুর মহাবিদ্যালয় ও মির্জাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয় যাঁদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয় শৌরীণ বাবু ছিলেন তাঁদের অন্যতম। তাঁর পাঁচ পুত্র বর্তমান। আমরা তাঁর আত্মার চিরশান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করছি।

## কংগ্রেসী এম, এল, এ-র বাসুদেবপুর পরিদর্শন

রঘুনাথগঞ্জ, ৭ই ডিসেম্বর—শ্রীকুমারদীপ্তি সেন শ্রীআবদুলবারি বিশ্বাস সহ চারজন এম, এল, এ এবং কংগ্রেসের কয়েকজন সক্রিয় কর্মী আজ বাসুদেবপুরের উপদ্রুত এলাকা পরিদর্শন করেন। তাঁরা কয়েকজন গ্রামবাসীর জবানবন্দী নিয়ে ফিরে আসেন।

## সড়ক দুর্ঘটনায় মৃত্যু

সাগরদীঘি, ৬ই ডিসেম্বর—গতকাল ৩৪নং জাতীয় সড়কের অনুপপুরের কাছে রঘুনাথগঞ্জ থানার মঙ্গলজন গ্রামের আইনাল সেখ গরুগাড়ী যোগে ধান কাটতে যাবার পথে গাড়ী চাপা পড়ে নিহত হয়। গাড়ীর ধাক্কায় একটা গরু মারা গিয়েছে। পুলিশ গাড়ীর খোঁজ করছে।

## বিজ্ঞপ্তি

আগামী ১৬ই ডিসেম্বর, ১৯৭৩, বেলা দুই ঘটিকায় মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের বার্ষিক সাধারণ সভা মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের বহরমপুরস্থ গৃহে আহূত হইয়াছে। সংঘের সদস্যদের যথাসময়ে উপস্থিত হইতে অনুরোধ জানানো যাইতেছে।

রাধারঞ্জন গুপ্ত, সম্পাদক, মুঃ জেঃ সাঃ সঃ

## যুবতীর আত্মহত্যা

সাগরদীঘি, ৩রা ডিসেম্বর—এই থানার সেখপাড়া গ্রামের রেঙ্গুনা খাতুন (১৯) নাম্নী এক যুবতী ফলিডল খেয়ে আত্মহত্যা করেছে গতকাল। পারিবারিক অশান্তি তার আত্মহত্যার কারণ বলে খবর পাওয়া গিয়েছে।

## ১৭ই নভেম্বরের শিক্ষা

—দূরদর্শী

বিগত ১৭ই নভেম্বর বামপন্থীদের ডাকে "বাংলা-বন্ধ" পালিত হ'লো। এই বন্ধ সফল কি বিফল, এই নিয়ে বহু তর্কবিতর্ক সংবাদপত্রের পৃষ্ঠায় দেখা গেল। উভয় ক্ষেত্রেই অভিনন্দন পেলেন জনগণ।

কিন্তু সফলতা বা বিফলতার রাজনৈতিক কচ্‌কচির মধ্যে না গিয়েও বলা যায় এবারের বন্ধে জনশক্তির বেশ কিছু বড় অংশের নৈতিক ও মানসিক সমর্থন বন্ধের পক্ষে ছিল। না হ'লে গ্রামবাংলার এই ক্ষুদে মফঃস্বল শহর জঙ্গিপুরে শ্মশানের স্তব্ধতা নেমে আসতো না কিংবা এই উপবিভাগের এক অখ্যাত পল্লী বাসুদেবপুরের সাধারণ শান্তিপ্রিয় নিরীহ গ্রামবাসী পুলিশের গুলির সামনে বুক পেতে মৃত্যুবরণে সাহসী হ'তো না। তবু তাই ব'লে এই সফলতার জন্য বামপন্থী দলগুলির কৃতিত্বকে বড় ক'রে দেখার কোন যুক্তি নেই। এই সমর্থন অশান্ত জনমানসিকতার এক স্বতঃস্ফূর্ত আকস্মিক বিস্ফোরণ। বর্তমান সমাজ জীবনে অকস্মাৎ যে অস্বাভাবিক দ্রব্যমূল্যবৃদ্ধি ও নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্যের অভাবের তীব্রতা দেখা দিয়েছে এবং যা দূরীকরণে সরকারও সজীব ভূমিকা নিতে অপরাগ ব'লে মানুষের মনে হ'য়েছে, তাতেই সাধারণ মানুষ মানসিক ভারসাম্য হারিয়ে বেঁচে থাকার পথ খুঁজে পাগলের মত হন্যে হ'য়ে বেড়াচ্ছে। সেই খোঁজার পথে তারা উচিত অনুচিতের চিন্তার গণ্ডী ভেঙ্গে যে কোন পথে পা বাড়াতে প্রস্তুত ছিল। সেই মানসিক বারুদস্তূপে বামপন্থী দলগুলি সঠিক সময়েই অগ্নিস্পর্শ করাতে সক্ষম হওয়ায় ঘটে গেল প্রচণ্ড আকস্মিক গণবিস্ফোরণ। দক্ষিণপন্থী নেতারা সাধারণ মানুষের এই অশান্ত মানসিকতাকে সঠিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিশ্লেষণ না ক'রে নিজেদের জনপ্রিয়তার অবিজ্ঞ জনোচিত আত্মম্ভরিতায় এই বিরাট বিস্ফোরণ ঘটাবার সুযোগ বামপন্থী নেতাদের হাতে তুলে দিয়েছেন। বামপন্থীদের কৃতিত্ব শুধু এইটুকুই যে তারা দক্ষিণপন্থী নেতৃত্বের ব্যর্থতার সুযোগটুকুর সুযোগ্য সদ্ব্যবহার করতে সক্ষম হ'য়েছেন। কিন্তু এই অশান্ত মানসিকতাকে যদি সময়মত শান্ত করা না হয় বা সাধারণ মানুষের মানসিক ভারসাম্য ফিরিয়ে আনতে নেতারা সচেষ্ট না হন তবে ইতিহাসের গতিপথ যে কোন অন্ধকার পথে বাঁক নিতেও পারে। উভয় পক্ষের নেতাদের সবিনয়ে স্মরণ করিয়ে দিতে চাই, —বন্যা যখন আসে দুকূলই ভাসে।

—সকল প্রকার ঔষধের জন্য—

নির্ণয় ও নিরাময়

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

## চোরাই চাল ও ধান উদ্ধার

মোরগ্রাম, ১০ই ডিসেম্বর—ডোমাইপুর ও মোরগ্রামের মাঝে বীরভূম থেকে আমদানী করা প্রায় ৮০ কুইন্টাল চোরাই চাল ও ধান আটক করা হয়েছে গত ৮ই ডিসেম্বর বিকেলে। গোপনসূত্রে খবর পেয়ে বীরভূম থেকে প্রায় ৬০ জন সাদা পোষাকের একদল পুলিশ মোরগ্রামের পশ্চিম মাঠে ওৎ পাতে এবং চোরাকারবারীদের ধরে ফেলে। তাদের কাছ থেকে ঐ পরিমাণ চালধান উদ্ধার ও আটক করে বীরভূম সদরে চালান দেওয়া হয়েছে।

## একটি আবেদন

রঘুনাথগঞ্জ বহুমুখী বিদ্যালয় গৃহের মেরামত ও সংস্কারাদির প্রয়োজন ছিল অনেক দিন আগেই। আর্থিক সংস্থান না থাকায় আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও এতদিন তাহা সম্ভব হয় নাই। ঘরগুলিতে বৈদ্যুতিকীকরণের কাজ শেষ হইয়াছে। বর্তমানে সংস্কার-মেরামতীর কাজ চলিতেছে। বিদ্যালয় গৃহের সম্মুখ ভাগ প্লাষ্টার করা হইয়াছে; চুনকামের কাজ শীঘ্রই আরম্ভ হইবে। সকল রাজনৈতিক দল, সর্বপ্রকার সংস্থা, সিনেমা কর্তৃপক্ষ প্রভৃতির নিকট আমাদের সনির্বন্ধ অনুরোধ, তাঁহারা যেন দেওয়াল লিখন, পোষ্টার প্রভৃতি হইতে দেওয়ালগুলিকে রক্ষা করেন।

নিবেদন—

শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে, সম্পাদক,
রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়

## শিশু স্বাস্থ্য প্রতিযোগিতা

রঘুনাথগঞ্জ, ১০ই ডিসেম্বর—মুর্শিদাবাদ জেলা পরিবার কল্যাণ পরিকল্পনা সংস্থার উদ্যোগে জরুর উপকেন্দ্রে শিশু স্বাস্থ্য প্রদর্শনী অনুষ্ঠিত হ'ল গত ২৯শে নভেম্বর। প্রত্যেক বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হয় এবং প্রত্যেক অংশগ্রহণকারীকে সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়। চারটি বিভাগে মির্জাপুরের মৃদুলা দাস সর্বশ্রেষ্ঠ শিশু হিসেবে বিবেচিত হয়।

* * *

বাহাগলপুর, ৬ই ডিসেম্বর—গত ৪ঠা ডিসেম্বর নিমতিতা স্বাস্থ্যকেন্দ্রে অনুষ্ঠিত শিশু স্বাস্থ্য প্রদর্শনী প্রতিযোগিতায় চারটি বিভাগে মোট বারজন শিশুকে পুরস্কৃত করা হয় এবং প্রশংসাপত্র দেওয়া হয়। তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ শিশু হিসেবে কুমারী মরালী রাণী অধিকারীকে পুরস্কার দেওয়া হয়। অনুষ্ঠানের উদ্যোক্তা ছিলেন মুর্শিদাবাদ জেলা পরিবার কল্যাণ পরিকল্পনা সংস্থা।

## মদের দোকান লুঠ

মোরগ্রাম, ১০ই ডিসেম্বর—গতকাল স্থানীয় হাবল সাহার দেশী মদের দোকানে কয়েকজন যুবক হামলা চালিয়ে কিছু নগদ টাকা লুঠ করে ও আসবাবপত্রের ক্ষতিসাধন করে বলে খবর পাওয়া গিয়েছে। লুঠতরাজের সময় শ্রীসাহাকে মারধোর এবং কিছু মদ বিনামূল্যে বিতরণ করা হয়েছে বলে প্রকাশ।

# ভিন্ন চোখে ॥

## মধ্যদিনে সোনালী সূর্য

কখনো সাপ্তাহিক অবকাশের দিনে বেশ লাগে এই শেষ-হৈমন্তিক হিমেল দুপুরে সোনালী রোদে পিঠ দিয়ে বসে থাকতে। সমস্ত শরীর জুড়ে আহা কি অপূর্ব 'ওম্'। স্নায়ুগুলো সব ধীরে ধীরে শিথিল হতে থাকে। দু'চোখ বুজে আসে আপন অজান্তে। এবং সূর্য এখন আত্মজন। প্রচণ্ড দাবদাহী দিবাকর তাঁর পৌরুষের রূপ পাল্টে তরুণী সুন্দরী প্রেমিকার মতন চাঁপাকলি আঙ্গুলের সোহাগ বুলোয় সারা অঙ্গে। কানে কানে ফিস্‌ফিসিয়ে কথা কয়। দোলা লাগে বুকের সূক্ষ্ম তন্ত্রীতে। সুর বাজে ইমনকল্যাণ।

শুনেছি য়ুরোপখণ্ডে 'সান্‌বাথ' বলে একটা কথা আছে। অবশ্য মাসিক দু'শো টাকার হরিপদ কেরাণী—সত্যানন্দের এ সম্পর্কে বিন্দুমাত্র ব্যক্তিগত অভিজ্ঞতা নেই। কিন্তু মন যখন ময়ূর হয়, তখন হরিপদ কেরাণীর সাথে আকবর বাদশা'র কোন ভেদ নাকি থাকে না। তাই খোয়াব জাগে কল্পলোকের পথ হাঁটতে। এবং তন্দ্রাচ্ছন্ন এই দ্বিপ্রহরে আমি যেন চকিতে উপস্থিত হয়ে যাই সেই 'আলবিয়ন'-এর সুদূর উপকূলে। আর সেখানেঃ

'অনেক কমলা রঙের রোদ ছিল।
অনেক কাকাতুয়া পায়রা ছিল।
আর'.........

জানি না। কারণ আমি, সত্যানন্দ, কবি নই, নেহাৎ-ই প্রাকৃতজন। কবিতা লেখা আমার আসে না। মাঝে মাঝে কবিতা হয়ে যেতে ইচ্ছে করে।

জনৈক অধ্যাপক বন্ধুর মুখে শুনেছিলাম, মহাকবি শ্রীমধুসূদন তাঁর যৌবনে একবার নাকি পিতার সঙ্গে তমলুক গিয়েছিলেন। সেখানেই তাঁর প্রথম সমুদ্রদর্শন। সমুদ্রবক্ষে ভাসমান ইংলণ্ডগামী জাহাজগুলিকে দেখে তিনি তাঁর হৃদয়ের অপূর্বপুলক ও ভাবোন্মাদনাকে ব্যক্ত করে একটি ইংরেজী কবিতায় লিখেছিলেনঃ 'I sigh for Albion's distant shore'—আলবিয়ন-এর সুদূর উপকূল তরে আমার দীর্ঘনিঃশ্বাস পড়ে। এ দীর্ঘনিঃশ্বাস শুধু মধুকবির নয়। এ আমাদের প্রত্যেকেরই হৃদয়ের গভীর গহনের। সময় পরিস্থিতি আর পরিবেশ এর জন্যে আবশ্যিক।

সময় আর পরিবেশ হয়তোবা রং বদলায় ব্যক্তিত্বের। মধ্যদিনের সোনালী সূর্য ক্রমশঃ রক্তিম হয় বিলীয়মান অস্তিত্বে। এবং এ মুহূর্তে আমি আমার চেতনার গভীরে অতিদ্রুত আত্মলীন হতে থাকি।

—সত্যানন্দ

## ২,০৩,০০০ হাজার টাকার কর্ম্মসংস্থান প্রকল্প মঞ্জুর

সম্প্রতি জেলা শাসক শ্রীরথীন দে আই, এ, এস মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জেলা কো-অর্ডিনেশন কমিটির সভায় মুর্শিদাবাদ জেলায় অতিরিক্ত কর্ম্মসংস্থান প্রকল্পে নিযুক্ত প্রার্থীদের শিক্ষণ বিষয়ে অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। প্রকাশিত তথ্যে জানা যায় যে টেলারিং, প্রযুক্তি বিদ্যা, রেডিও প্রস্তুত ও মেরামত প্রভৃতি বিষয়ে মোট ১০৯০ জন প্রার্থী এখানে শিক্ষা গ্রহণ করছেন।

আরও জানা যায় যে বহরমপুরে অবস্থিত ব্যাঙ্কসমূহ মোট ১৪টি স্বনির্ভর কর্ম্মসংস্থান প্রকল্পে ২,০৩,০০০ টাকা মঞ্জুর করেছে। এছাড়া ৭টি "এ্যাগ্রো সারভিস" সেণ্টার স্থাপনের অনুমতি লাভ করেছে।

[ মুর্শিদাবাদ জেলা তথ্য ও জন সংযোগ দপ্তর হইতে প্রচারিত ]

## সাংস্কৃতিক অনুষ্ঠান


রঘুনাথগঞ্জ যুবক সংঘ ব্যায়াম মন্দির ও পাঠচক্রের পরিচালনায় আগামী ২৩ ও ২৪শে ডিসেম্বর ১৪ মাইল সাইকেল দৌড়, ছোট গল্প ও আবৃত্তি, চিত্র এবং শিশু স্বাস্থ্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উৎসাহীদের অবিলম্বে ক্লাবের ক্রীড়া ও সাংস্কৃতিক বিভাগের সম্পাদকের সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

বাণী প্রকাশে'র দুঃসাহসিক প্রচেষ্টা
বিশ্বখ্যাত অর্থনীতিবিদ কার্ল মার্কসে'র
ক্যাপিটাল
গ্রন্থের সর্বপ্রথম সম্পূর্ণ বাংলা অনুবাদ।
প্রধান সম্পাদকঃ **অধ্যক্ষ পীযূষ দাশগুপ্ত** ॥ ৬ খণ্ডে সম্পূর্ণ। রেক্সিন বাঁধাই। প্রতিখণ্ডে অর্ধ সহস্রাধিকের মত পৃষ্ঠা থাকবে। গ্রাহক মূল্য প্রতিখণ্ড ১৫৲ টাকা। ৬৲ টাকা অগ্রিম জমা দিয়ে গ্রাহক হতে হবে। পরে প্রতিখণ্ড বই নেবার সময় ১৪৲ টাকা করে দিতে হবে। বই প্রকাশের তারিখ সংবাদপত্রে ঘোষিত হবে।
॥ প্যারীচাঁদ মিত্র সমগ্র রচনাবলী ॥
প্রধান সম্পাদকঃ **ডক্টর হরপ্রসাদ মিত্র**। 'আলালের ঘরের দুলাল' খ্যাত প্যারীচাঁদ মিত্র ওরফে টেকচাঁদ ঠাকুরের সমগ্র বাংলা ও ইংরাজী রচনাসহ দু'খণ্ডে সম্পূর্ণ। গ্রাহক মূল্য প্রতিখণ্ড ১০৲ টাকা। ৫৲ টাকা অগ্রিম দিয়ে গ্রাহক হ'তে হবে। মনোরম ছাপা, রেক্সিন বাঁধাই।
মণি-অর্ডার পাঠানোর এবং গ্রাহক হবার মূল কেন্দ্রঃ—
**বাণী প্রকাশ** ॥ এ/১২৯, কলেজ ষ্ট্রীট মার্কেট, কলকাতা-১২
শাখাকেন্দ্রঃ **ষ্টুডেণ্টস্ ফেভারিট**
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

খোকার জন্মের পর..
আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।
জবাকুসুম কেশ তৈল
সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২



রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।